

# ঝুগান্তৰ

## খুবির ভর্তি পরীক্ষা আজ

আসনপ্রতি পরীক্ষার্থী ২৭

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



খুলনা ব্যুরো

খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ। এ বছর বিশ্ববিদ্যালয়ের চারটি ইউনিটের অধীন ৮টি স্কুলের অন্তর্ভুক্ত ২৯টি ডিসিপ্লিনে ১ হাজার ২১৭ আসনে ভর্তির জন্য অনলাইনে ৩২ হাজার ৬৩৬ জন আবেদন করেন। আসনপ্রতি ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২৭ জন।

আসন বিন্যাস অনুযায়ী, খুবি মূল কেন্দ্রে ১ থেকে ৫১৮৪, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) উপকেন্দ্রে ৫১৮৫ থেকে ১২৫৩৩, হোপ পলিটেকনিক উপকেন্দ্রে ১২৫৩৪ থেকে ১৩২৫৮ এবং রেভারেন্ড পলস হাইস্কুল উপকেন্দ্রে ১৩২৫৯ থেকে ১৪৬২৩ পর্যন্ত রোল নম্বরধারীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সকাল ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত ‘সি’ ইউনিটের অধীন ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের ভর্তি পরীক্ষা শুধু খুবি ক্যাম্পাস মূলকেন্দ্রে হবে। সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ‘এ’ ইউনিটের অধীন বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল এবং জীববিজ্ঞান স্কুলের ভর্তি পরীক্ষা খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মূলকেন্দ্র, কুয়েট, হোপ পলিটেকনিক এবং রেভারেন্ড পলস হাইস্কুল উপকেন্দ্রে হবে।

দুপুর দেড়টা থেকে ৩টা পর্যন্ত ‘বি’ ইউনিটের অধীন কলা ও মানবিক স্কুল, সামাজিক বিজ্ঞান স্কুল, আইন স্কুল এবং শিক্ষা স্কুলের ভর্তি পরীক্ষা খুবি ক্যাম্পাসের মূলকেন্দ্র এবং কুয়েট উপকেন্দ্রে হবে। বিকাল ৪টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত ‘ডি’ ইউনিটের অধীন চারঃকলা স্কুলের ভর্তি পরীক্ষা খুবি ক্যাম্পাসের মূলকেন্দ্রে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্ট : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।